


**আইসিটি ইন্ডাস্ট্রি'র উন্নয়ন ও নতুন উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধিতে আইটি ইঞ্জিনিয়ারদের দক্ষতা উন্নয়ন প্রকল্প**

ক্রমিক নং	বিষয়বস্তু	বিবরণ	
১	প্রকল্পের নাম	আইসিটি ইন্ডাস্ট্রি'র উন্নয়ন ও নতুন উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধিতে আইটি ইঞ্জিনিয়ারদের দক্ষতা উন্নয়ন প্রকল্প (Project for ICT Engineers Development for the Promotion of ICT Industry and New Innovations)	
২	মেয়াদ	জানুয়ারি ২০২৫- জুন ২০২৮	
৩	প্রাক্কলিত ব্যয়	অর্থের উৎস	পরিমাণ (লক্ষ টাকা)
		বৈদেশিক সাহায্য (জাইকা)	২৩০০
		জিওবি	৩৮১
		মোট	২৬৮১
৪	জনবল	কর্মকর্তা: ০৪ জন (অতিরিক্ত দায়িত্ব ০২ জন এবং পরামর্শক ০২ জন)। কর্মচারী: ০৩ জন (অতিরিক্ত দায়িত্ব ০১ জন এবং আউটসোর্সিং ০২ জন)। প্রকল্প পরিচালক: জনাব মোঃ গোলাম সারওয়ার (+৮৮০১৫৫২৩০৬৯৮৮) সহকারী প্রকল্প পরিচালক: জনাব আবু সাঈদ মোঃ রেজওয়ান (+৮৮০১৭৮৮২১০০৭৭)	
৫	পটভূমি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাত বর্তমানে বৈশ্বিক অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ চালিকা শক্তি। বাংলাদেশের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র্য হ্রাস, কর্মসংস্থান ও রপ্তানি বৃদ্ধির জন্য আইসিটি খাতকে অন্যতম অগ্রাধিকার দেওয়া হয়েছে। এ খাতের টেকসই উন্নয়নের জন্য দক্ষ মানবসম্পদ গড়ে তোলা, শিল্প-শিক্ষা সহযোগিতা জোরদার করা এবং আন্তর্জাতিক মানসম্পন্ন কারিকুলাম উন্নয়ন অপরিহার্য। এই প্রেক্ষাপটে প্রকল্পটি নেওয়া হয়েছে, যার মাধ্যমে বাংলাদেশের আইসিটি ইন্ডাস্ট্রি ও আইসিটি গ্র্যাজুয়েটদের বৈশ্বিক পর্যায়ে ব্র্যান্ড ইমেজ উন্নত করা, বিদেশি বিনিয়োগ আকর্ষণ করা এবং সফটওয়্যার ও আইটি সেবার রপ্তানি বৃদ্ধিতে অবদান রাখা হবে।	
৬	লক্ষ্য ও উদ্দেশ্য	<p>❖ চূড়ান্ত লক্ষ্য (Ultimate Goal):</p> <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশের আইসিটি ইন্ডাস্ট্রি ও আইসিটি গ্র্যাজুয়েটদের ব্র্যান্ড ইমেজ বৈশ্বিক পর্যায়ে উন্নত করা।</li> </ul> <p>❖ সামগ্রিক লক্ষ্য (Overall Goal):</p> <ul style="list-style-type: none"> <li>ইন্ডাস্ট্রি ও অ্যাকাডেমিয়ার মধ্যে সমন্বয় স্থাপন করে টেকসই আইসিটি শিল্প গড়ে তোলা এবং বিশ্ববিদ্যালয়ের জন্য outcome-based কারিকুলাম তৈরির প্ল্যাটফর্ম তৈরি।</li> </ul> <p>❖ প্রকল্পের উদ্দেশ্যসমূহ:</p> <ul style="list-style-type: none"> <li>দেশের আইসিটি খাতে টেকসই মানবসম্পদ উন্নয়নের জন্য একটি বাস্তবমুখী কাঠামো (framework) তৈরি।</li> <li>আইসিটি শিল্পের উন্নয়নকে সহায়তা ও প্রসার করা।</li> </ul>	



ক্রমিক নং	বিষয়বস্তু	বিবরণ
		<ul style="list-style-type: none"> <li>ডেটা সায়েন্স, ক্লাউড কম্পিউটিং, সিকিউরিটি, ডেটা-ড্রিভেন সোসাইটি, আর্কিটেকচার, অ্যাজাইল, টেস্টিং ও ভেরিফিকেশন, ফরমাল স্পেসিফিকেশন, রিকোয়ারমেন্টস ইঞ্জিনিয়ারিং ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ ও কারিকুলাম উন্নয়ন।</li> </ul>
৭	প্রকল্পের উল্লেখযোগ্য কম্পোনেন্ট	<p>১. মানবসম্পদ উন্নয়ন:</p> <ul style="list-style-type: none"> <li>সফটওয়্যার কোম্পানির ৩৬০ জন মিড-লেভেল আইটি ইঞ্জিনিয়ারকে জাপানি টপ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের মাধ্যমে প্রশিক্ষণ।</li> <li>বিশ্ববিদ্যালয়, শিল্পখাত ও সরকারি প্রতিষ্ঠানের ২৪০ জন শিক্ষক/কর্মকর্তাকে Training of Trainers (TOT) প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ।</li> </ul> <p>২. স্কিল চাহিদা নির্ধারণ:</p> <ul style="list-style-type: none"> <li>সরকার, শিল্পখাত ও বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে কার্যকরী কর্মগোষ্ঠী গঠন করে আইসিটি খাতের প্রয়োজনীয় দক্ষতা শনাক্ত করা।</li> </ul> <p>৩. প্রশিক্ষণ কোর্স ও কারিকুলাম উন্নয়ন:</p> <ul style="list-style-type: none"> <li>চাহিদা-ভিত্তিক প্রশিক্ষণ কোর্স, পাঠ্যসামগ্রী ও কারিকুলাম তৈরি এবং বাস্তবায়ন।</li> <li>বিশ্ববিদ্যালয়ে পরীক্ষামূলকভাবে নতুন কোর্স চালু করা।</li> </ul> <p>৪. ইন্ডাস্ট্রি-অ্যাকাডেমিয়া সহযোগিতা:</p> <ul style="list-style-type: none"> <li>যৌথ উদ্যোগে outcome-based কারিকুলাম প্রণয়ন, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম।</li> <li>BASIS এবং বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে কার্যক্রমের টেকসই বাস্তবায়ন।</li> </ul> <p>৫. প্রত্যাশিত ফলাফল:</p> <ul style="list-style-type: none"> <li>৩৬০ জন দক্ষ সফটওয়্যার ইঞ্জিনিয়ার এবং ২৪০ জন প্রশিক্ষক তৈরি।</li> <li>বিশ্ববিদ্যালয়গুলো বাজার-চাহিদা অনুযায়ী কারিকুলাম তৈরি করতে সক্ষম হবে।</li> <li>জাপানসহ বিদেশি বাজারে কর্মসংস্থান বৃদ্ধি পাবে, নতুন কোম্পানি বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী হবে।</li> <li>ফ্রিল্যান্সার ও আইটি কোম্পানিগুলো নতুন আউটসোর্সিং সুযোগ পাবে, বৈদেশিক মুদ্রা অর্জন বাড়বে।</li> </ul>

ক্রমিক নং	বিষয়বস্তু	বিবরণ
৮	প্রশিক্ষণ	<ul style="list-style-type: none"><li>সফটওয়্যার কোম্পানির ৩৬০ জন মিড-লেভেল আইটি ইঞ্জিনিয়ারকে জাপানি টপ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের মাধ্যমে প্রশিক্ষণ।</li><li>বিশ্ববিদ্যালয়, শিল্পখাত ও সরকারি প্রতিষ্ঠানের ২৪০ জন শিক্ষক/কর্মকর্তাকে Training of Trainers (TOT) প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ।</li></ul>
৯	সেমিনার/কর্মশালা/আয়োজিত ইভেন্ট ও প্রতিযোগিতা	০৬ টি



প্রকৌশলী মোঃ গোলাম সারওয়ার

প্রকল্প পরিচালক

আইসিটি ইন্ডাস্ট্রি'র উন্নয়ন ও নতুন উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধিতে

আইটি ইঞ্জিনিয়ারদের দক্ষতা উন্নয়ন প্রকল্প

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল